



## শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট

স্মারক নং-সাস্ট/পিআর/০৩/

তারিখ: ০৭ মে, ২০১৮

### প্রেস বিজ্ঞপ্তি

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেটে 'মাহিদ আল সালাম মেহেদী স্মারক ট্রাস্ট তহবিল' গঠিত হয়েছে। আজ ৭ মে, ২০১৮ তারিখ বিকাল সাড়ে ৩টায় বিশ্ববিদ্যালয়ের সিডিকেট সভাকক্ষে বিশ্ববিদ্যালয়ের পক্ষে কোষাধ্যক্ষ প্রফেসর ড. মো. ইলিয়াস উদ্দীন বিশ্বাস এবং দাতাগণের পক্ষে ডা. ফারহানা সালাম এবং এডভোকেট চৌধুরী আমিনা সালাম এ ট্রাস্টের চুক্তিতে স্বাক্ষর করেন। দাতাদের পক্ষ থেকে উক্ত ট্রাস্টে পাঁচ লক্ষ টাকা প্রদান করা হয় যার লভ্যাংশ থেকে প্রতিবছর অর্থনীতি বিভাগের একজন ছাত্র ও একজন ছাত্রী শিক্ষার্থীকে বৃত্তি প্রদান করা হবে।

চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ এবং রেজিস্ট্রার মুহাম্মদ ইশফাকুল হোসেন উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, সম্প্রতি সিলেট নগরীতে ছিনতাইকারীদের চুরিকাঘাতে নিহত এ বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগের সাবেক শিক্ষার্থী মাহিদ আল সালাম মেহেদীর পরিবারের পক্ষ থেকে এ ট্রাস্ট গঠন করা হয়।

(মুহাম্মদ ইশফাকুল হোসেন)

রেজিস্ট্রার